

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হাসপাতাল ও ক্লিনিক শাখা
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।

স্মারক নং-স্বাঃঅধিঃ/হাসঃ/ COVID /প্রত্যয়ন পত্র/২০২০/৪৯১


তারিখঃ ১৫-০৪-২০২০খ্রিঃ।

বিষয়ঃ জীবনরক্ষাকারী জরুরী অক্সিজেন এর নিরবিচ্ছিন্ন সরবরাহের বিষয়ে প্রত্যয়ন পত্র প্রদান সংক্রান্ত।

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, লিভে বাংলাদেশ লিমিটেড একটি অক্সিজেন প্রস্তুতকারী প্রতিষ্ঠান, যা সম্মিলিত সামরিক হাসপাতালসহ বাংলাদেশের বিভিন্ন সরকারী ও বেসরকারী হাসপাতাল সমূহে অক্সিজেন সরবরাহ করে থাকে। বর্তমানে কোভিড-১৯ এ আক্রান্তদের চিকিৎসার জন্য নিরবিচ্ছিন্ন অক্সিজেন সরবরাহ একান্ত প্রয়োজন। এমতাবস্থায় উহার রূপগঞ্জ ও সীতাকুন্ডে অবস্থিত দুটি কারখানা এবং সমগ্র বাংলাদেশে ১৮টি বিক্রয় ও বিপন্ন কেন্দ্রগুলি খোলা রাখা/লকডাউনের বাহিরে রাখা ও একই সাথে সেস্বানগুলোতে কর্মরত কর্মকর্তা কর্মচারীদের যাতায়াতের কোন বাধা প্রদান না করার জন্য প্রশাসনের কর্মকর্তাদের/আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যদেরকে অনুরোধ করা হলো।

আমি লিভে বাংলাদেশ লিমিটেড এর সাফল্য কামনা করছি এবং অক্সিজেন সরবরাহের মাধ্যমে মুমূর্ষু রোগীদের জীবন রক্ষার্থে কাযকরী ভূমিকা রাখুক এই কামনা করছি।

ইহাতে মহাপরিচালক মহোদয়ের সম্মতি রহিয়াছে।


(ডাঃ মোঃ আমিনুল হাসান)

পরিচালক (হাসপাতাল ও ক্লিনিক সমূহ)

স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২

Email:directorhospital@ld.dghs.gov.bd

ফোন: ০২-৫৫০৬৭১৫০ ফ্যাক্স নং: ৫৫০৬৭১৫১

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়ঃ

- ১। সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (দৃঃআঃ সচিব মহোদয়ের একান্ত সচিব)
- ৩। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (দৃঃআঃ উপ-পরিচালক, সমন্বয়)
- ৪। পুলিশ মহাপরিদর্শক, বাংলাদেশ পুলিশ, পুলিশ সদর দপ্তর, ঢাকা।
- ৫। ডাইরেক্টরেস্ট জেনারেল অব ফোর্সেস ইন্টিলিজেন্স (ডি.জি.এফ.আই)
- ৬। মহাপরিচালক, র‍্যাপিড একশন ব্যাটালিয়ন (র‍্যাব)
- ৭। পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
- ৮। হেড অব এডমিন, লিভে বাংলাদেশ লিমিটেড, ২৮৫, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।